

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 14-12-2025

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যপাল সি ভি আনন্দ বোস আজ যুবভারতী ক্রীড়াঙ্গণ সরেজমিনে ঘুরে দেখে জানিয়েছেন, মেসি-কান্ডে, রাজ্য সরকার, পুলিশ, গোয়েন্দা বিভাগের ব্যর্থতা খতিয়ে দেখা হবে।

মেসির অনুষ্ঠানে বিশৃঙ্খলার তদন্তে সরকার গঠিত কমিটির সদস্যরাও আজ যুবভারতী ক্রীড়াঙ্গণ ঘুরে দেখেছেন।

২) যুবভারতী ক্রীড়াঙ্গণের ঘটনায় মূল উদ্যোক্তা শতদ্রু দত্ত-র ১৪ দিনের জেল হেফাজত।

৩) বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী যুব ভারতীর ঘটনার পরিপ্রেক্ষিতে রাজ্যের ক্রীড়ামন্ত্রী ও দমকলমন্ত্রীর পদত্যাগ দাবি করেছেন।

৪) অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন, এস আই আর-এর মাধ্যমে পশ্চিমবঙ্গে ৩১ লক্ষ ৩৮ হাজারেরও বেশি ভোটারকে শুনানিতে ডাকা হবে।

৫) রাজ্যে শিল্পে বিনিয়োগের সম্ভাবনাকে আরও বিস্তৃত করতে আগামী ১৮-ই ডিসেম্বর বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রি কনক্লেভের আয়োজন করা হয়েছে।

৬) কলকাতা মেট্রোর গ্রীণ লাইন শাখায় আগামীকাল থেকে ট্রেনের সংখ্যা বাড়ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

যুব ভারতী ক্রীড়াঙ্গণে গতকাল যে বিশৃঙ্খলা তৈরি হয়েছিল, তার কারণ সরেজমিনে খতিয়ে দেখতে আজ স্টেডিয়ামে যান রাজ্যপাল সি ভি আনন্দ বোস। তিনি বলেন, সরকার, পুলিশ, গোয়েন্দা বিভাগের ব্যর্থতা সবকিছুর ভূমিকা খতিয়ে দেখতে হবে। গতকালের ঘটনা, কলকাতার মানুষকে অবর্ণনীয় লজ্জায় ফেলে দিয়েছে। সবকিছুর একটি স্ট্যান্ডার অপারেটিং প্রসিডিওর থাকা উচিত। তিনি আরও জানান, ভুক্তভোগীদের সঙ্গে কথা বলার পর তিনি তার রিপোর্ট জমা দেবেন। রাজ্যপাল জানান, কেন্দ্রীয় সরকারের কাছেও তিনি রিপোর্ট পাঠাবেন।

উল্লেখ্য, গতকালও রাজ্যপাল বিকেলে স্টেডিয়ামে গিয়েছিলেন। দরজা বন্ধ থাকায় ঢুকতে পারেননি।

(বাইট – রাজ্যপাল)

০০০০০০০০০০০০০০০০০০০০

যুবভারতী ক্রীড়াঙ্গণে লিওলেন মেসির অনুষ্ঠানে বিশৃঙ্খলার তদন্তে রাজ্য সরকারের গঠিত কমিটির সদস্যরা আজ মাঠ পরিদর্শন করেন। অবসরপ্রাপ্ত বিচারপতি অসীম রায় এর নেতৃত্বে মুখ্য সচিব মনোজ পন্থ, স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী সহ কমিটির অপর কয়েকজন সদস্য আজ সকালে যুবভারতী ক্রীড়াঙ্গণে পৌঁছে মেসি গতকাল যে গেট দিয়ে মাঠে প্রবেশ করেছিল সেখান দিয়ে প্রবেশ করে মাঠের পরিস্থিতি খতিয়ে দেখেন। বিভিন্ন অংশের ভিডিওগ্রাফিও করেন তারা। কথা বলেন মাঠ দেখভালের দায়িত্বে থাকা কয়েকজন কর্মীর সঙ্গে।

বিচারপতি অসীম রায়ের বাড়িতে গতকাল এই ঘটনা নিয়ে প্রাথমিক যে বৈঠক হয়েছে সেখানে ১৫ দিনের মধ্যে এই ঘটনার তদন্ত রিপোর্ট রাজ্য সরকারের কাছে জমা দেওয়া হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

উল্লেখ্য, যুবভারতী ক্রীড়াঙ্গনে গতকাল ভাংচুরের ঘটনায় পুলিশ দুটি মামলা রুজু করেছে। স্টেডিয়াম ভাংচুরের ঘটনায়, বিধাননগর কমিশনার একটি স্বতঃপ্রণোদিত ও উদ্যোক্তাদের বিরুদ্ধে বিধাননগর দক্ষিণ থানা অন্য আরও একটি মামলা রুজু করেছে।

মূল উদ্যোক্তা শতদ্রু দত্ত কে আজ বিধান নগর আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজত দেওয়া হয়। আগেই জানানো হয়েছে, যুবভারতীতে ক্রীড়াঙ্গনে বিশৃঙ্খলার জন্য মূল উদ্যোক্তা শতদ্রু দত্তকে গতকাল কলকাতা বিমানবন্দর থেকে আটক এবং জিজ্ঞাসাবাদের পর গ্রেফতার করে কলকাতা পুলিশ।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সামাজিক মাধ্যমের এক পোস্টে এই ঘটনাকে দুর্ভাগ্যজনক আখ্যা দিয়ে লিওনেল মেসি এবং সব ফুটবলপ্রেমীদের কাছে ক্ষমা চেয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি গতকাল যুবভারতী ক্রীড়াঙ্গনের ঘটনায় রাজ্যের দুই মন্ত্রীকে অবিলম্বে বরখাস্ত করে গ্রেফতার করার দাবি জানিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ক্রীড়ামন্ত্রী অরুণ বিশ্বাস ও দমকল মন্ত্রী সুজিত বসুকে বরখাস্ত করার দাবি জানান।

(বাইট – শুভেন্দু)

এই ঘটনায় গ্রেফতার হওয়া শতদ্রু দত্তের বিরুদ্ধে দায়ের করা FIR টি ত্রুটিপূর্ণ বলে তাঁর অভিযোগ। তাঁর দাবি, রাজ্যের মানুষ বর্তমান তদন্ত কমিটি নিয়ে সন্তুষ্ট নয়। আদালতের নজরদারিতে একজন বিচারপতির নেতৃত্বে নতুন তদন্ত কমিটি গঠনের জন্য রাজ্যপালের কাছে আর্জি জানিয়েছেন তিনি। স্টেডিয়ামে জল বিক্রি নিয়েও প্রশ্ন তোলা হয়। পুরো বিষয়টি আন্তর্জাতিক স্তরে আলোচিত হওয়ায় রাজ্যের মানুষ লজ্জিত বলে তিনি মন্তব্য করেছেন।

এদিকে, উত্তর ২৪ পরগনার ইছাপুরে আজ পরিবর্তন সংকল্প যাত্রার শেষে শুভেন্দু অধিকারী বলেন, বিপুল অর্থ খরচ করে মেসিকে দেখতে না পাওয়ায় রাজ্যের ফুটবল

প্রেমীরা প্রতিবাদ জানালে পুলিশ তাদের নৃশংসভাবে মেরেছে। বর্তমান কোন বিচারপতিকে দিয়ে এই ঘটনার তদন্ত করাতে হবে।

বিজেপি যুব মোর্চা আজ ময়দানে গোষ্ঠ পালের মূর্তির সামনে বিক্ষোভ দেখিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন বা SIR এর মাধ্যমে ৩১ লক্ষ ৩৮ হাজার ৩৭৪ জন ভোটারকে শুনানিতে ডাকা হবে। অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী গতকাল আকাশবাণীকে একথা জানিয়ে বলেন, গত ২০০২ এর তালিকার সঙ্গে এই ভোটারদের ম্যাপিং হয়নি। বাবা-মা-সঙ্গে ভোটদতার বয়সের পার্থক্য ১৫ বছরের কম অথবা ৫০ বছরের বেশি হলে বিশেষ গুরুত্ব দিয়ে সেগুলি যাচাই করা হচ্ছে।

এদিকে, কেন্দ্রীয় আধা সামরিক বাহিনীর উপস্থিতিতে ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-এসআইআর এর শুনানি করার দাবি জানিয়েছেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপির সর্বভারতীয় কার্যনির্বাহী সভাপতি হয়েছেন নীতিন নবীন। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অরুণ সিং এক বিবৃতিতে আজ এই পদে বিহারের রাজ্য মন্ত্রিসভার সদস্য নীতিন নবীনের নাম ঘোষণা করেছেন।

এদিকে সর্বভারতীয় কার্যনির্বাহী সভাপতি পদে নির্বাচিত হওয়ার জন্য প্রধানমন্ত্রী নীতিন নবীনকে অভিনন্দন জানিয়েছেন। এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রী বলেন, নীতিন নবীন একজন পরিশ্রমী কর্মী হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেছেন। তার সংগঠনিক অভিজ্ঞতা এবং বিহারে একাধিক মেয়াদে বিধায়ক ও মন্ত্রী হিসেবে তার বিশেষ অবদান রয়েছে। মানুষের আকাঙ্ক্ষা পূরণের নীতিন নবীন অধ্যবসায়ের সঙ্গে কাজ করেছেন। তিনি নম্র

○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হুগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা।

এ সংক্রান্ত যাবতীয় তথ্য www.newsonair.gov.in -এ পাওয়া যাবে।
আবেদন জানানোর শেষ তারিখ আগামীকাল, ১৫ই ডিসেম্বর।

○○

আকাশবাণী কলকাতার বিকেল ৫-১০ মিনিটের সংবাদের সময় আগামীকাল থেকে ৫ মিনিট বেড়ে ১০ মিনিটের হচ্ছে। একই সঙ্গে গ্রামাঞ্চলের খবর আরও বেশী করে শ্রোতাদের কাছে পৌঁছে দিতে বেলা ১২-৩০ এবং সন্ধ্যা ৬-৩৫ মিনিটের গ্রামীণ সংবাদের সময়সীমা ৩ মিনিটের বদলে ৫ মিনিটের হবে।

○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○

রাজ্যে শিল্প ও বিনিয়োগের সম্ভাবনাকে আরও বিস্তৃত করতে আগামী ১৮ই ডিসেম্বর অনুষ্ঠিত হতে চলেছে ‘বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রি কনক্লেভ’। কলকাতার ধনধান্য প্রেক্ষাগৃহে এই কনক্লেভে বিশেষভাবে গুরুত্ব দেওয়া হবে আটটি শিল্পক্ষেত্রে। এই ক্ষেত্রগুলি হল মণি-রত্ন, খাদ্য প্রক্রিয়াকরণ, তথ্যপ্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা, সেমিকন্ডাকটর, পর্যটন, বস্ত্রশিল্প এবং ইস্পাতশিল্প। পাশাপাশি অন্যান্য শিল্পক্ষেত্রগুলিও আলোচনার আওতায় থাকবে বলে জানা গিয়েছে।

নবান্ন সূত্রে জানা গিয়েছে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কনক্লেভের উদ্বোধন করবেন। প্রাথমিক পর্যায়ে পশ্চিমবঙ্গের শিল্প মানচিত্রে অবস্থান, বিনিয়োগের সম্ভাবনা এবং সাম্প্রতিক অগ্রগতির চিত্র সকলের সামনে তুলে ধরবেন মুখ্যমন্ত্রী। রাজ্যে শিল্প প্রতিষ্ঠান

উল্লেখ্য সড়ক পথে সরাসরি গঙ্গাসাগরে পৌঁছানোর জন্য মুড়ি গঙ্গার ওপরে রাজ্য সরকারের প্রস্তাবিত গঙ্গাসাগর সেতু নির্মাণের কাজ আগামী মাসে শুরু হবে বলে মুখ্যমন্ত্রী আগেই জানিয়েছেন।

আগামী এক সপ্তাহে রাজ্যের সর্বত্র আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। সব জেলাতেই ভোর ও সকাল হাল্কা ও মাঝারি কুয়াশা দেখা যাবে। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস। যা, স্বাভাবিকের থেকে সামান্য কম। সর্বোচ্চ তাপমাত্রা আগামী এক সপ্তাহে ২৫ থেকে ২৭ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। এসম্পর্কে আলিপুর আবহাওয়া দফতরের বিজ্ঞানী ডক্টর সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন, আগামী এক সপ্তাহ আবহাওয়ার কোন বড়সড় পরিবর্তন হবে না।

(বাইট - সৌরিশ)

000

রামকৃষ্ণ মিশন তাদের ২৪৪-টি শাখা কেন্দ্র ও উপ কেন্দ্রের মাধ্যমে ২০২৪-২৫ অর্থ বর্ষে মোট ১৬-শো ৭০ কোটি ৭৯ লক্ষ টাকা খরচ করেছে। আজ বেলুড় মঠে রামকৃষ্ণ মিশনের ১১৬-তম বার্ষিক সাধারণ সভায় মঠ ও মিশনের সাধারণ সম্পাদক স্বামী সুবিরানন্দ জানান, এই টাকা খরচ করা হয়েছে শিক্ষা, চিকিৎসা, সাধারণ কল্যাণমূলক কাজ, দ্রাণ ও পুনর্বাসন সহ বিভিন্ন খাতে। তিনি আরও জানান, ন্যাশনাল মিশন অন

ন্যাচারাল ফার্মিং কর্তৃক চালু হওয়া মুখ্য কর্মসূচীর অধীনে গোটা দেশে আরও চারটি প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত হয়ে কাজ করতে চলেছেন রামকৃষ্ণ মিশন।

oooooooooooooooooooooooooooooooooooo
oooooooooooooooooooooooooooooooooooo